

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.০০৪.২০২৩.৩৪


তারিখ: ১৬ মার্চ ১৪২৯ বঙ্গাব্দ
৩০ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব শামছুন নাহার (৯৫৩৫), অধ্যাপক (অর্থনীতি), সরকারি সা'দত কলেজ, করটিয়া, টাঙ্গাইল-এর বিরুদ্ধে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি), মিরপুর সেনানিবাস, ঢাকা এর অধীনে পিএইচ.ডি (পূর্ণকালীন) কোর্সের শিরোনাম শিক্ষা মন্ত্রণালয়ের এ বিভাগের পূর্বানুমতি ছাড়াই গবেষণার বিষয় "Adaptable Secondary Education Program For The Disable Students In Bangladesh: Approaches And Strategies" পরিবর্তন করে "Education And Productivity Nexus: Evidence From Manufacturing Sector of Bangladesh" শীর্ষক শিরোনামে পিএইচ.ডি. গবেষণা কার্যক্রম সম্পন্ন করার অভিযোগ প্রমানিত হয়;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর "চাকরি হতে বরখাস্তকরণ" অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।


৩০/১/২৩
(সোলেমান খান)
সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

স্থায়ী ঠিকানা:

জনাব শামছুন নাহার
পিতা: মো: কলিম উল্লাহ
গ্রাম- ৪৪৫, পশ্চিম শেওড়াপাড়া
ডাকঘর: মিরপুর
থানা: মিরপুর
জেলা: ঢাকা।

বর্তমান ঠিকানা:

জনাব শামছুন নাহার (৯৫৩৫)
অধ্যাপক (অর্থনীতি), সরকারি সা'দত কলেজ, করটিয়া, টাঙ্গাইল।


অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

জনাব শামছুন নাহার (৯৫৩৫), অধ্যাপক (অর্থনীতি), সরকারি সা'দত কলেজ, করটিয়া, টাঙ্গাইল-এর বিরুদ্ধে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি), মিরপুর সেনানিবাস, ঢাকা এর অধীনে পিএইচ.ডি (পূর্ণকালীন) কোর্সের শিরোনাম শিক্ষা মন্ত্রণালয়ের এ বিভাগের পূর্বানুমতি ছাড়াই গবেষণার বিষয় "Adaptable Secondary Education Program For The Disable Students In Bangladesh: Approaches And Strategies" পরিবর্তন করে "Education And Productivity Nexus: Evidence From Manufacturing Sector of Bangladesh" শীর্ষক শিরোনামে পিএইচ.ডি. গবেষণা কার্যক্রম সম্পন্ন করার অভিযোগ উত্থাপিত হয়েছে;

জনাব শামছুন নাহার (৯৫৩৫), অধ্যাপক (অর্থনীতি), সরকারি সা'দত কলেজ, করটিয়া, টাঙ্গাইল এর উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর এর বিধি ৩(খ) "অসদাচরণ" অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।


(সোলেমান খান)
সচিব